জীবননগরে পূজা উপলক্ষে বিজিবি’র-বিএসএফকে ফুল ও মিষ্টি উপহার

হিন্দু ধর্মাম্বলবীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব দূর্গাপূজা। জীবননগরে বিজিবির ৫৮ ব্যাটালিয়ন অধিনায়ক কতৃক শারদীয় দূর্গাপূজা উপলক্ষ্যে বিএসএফ ব্যাটালিয়ন ক্যাম্পকে ফুলের শুভেচ্ছা ও তাদের মাঝে মিষ্টি বিতরণ করা হয়।

গতকাল মঙ্গলবার সকালে ঝিনাইদহ খালিশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর পক্ষ থেকে অধিনায়ক লেঃ কর্নেল কামরুল আহসান শারদীয় দূর্গাপূজা উপলক্ষ্যে প্রতিপক্ষ ০৩টি বিএসএফ ব্যাটালিয়ন ও ২৮টি বিএসএফ ক্যাম্পে শুভেচ্ছা উপহার হিসেবে ফুল ও মিষ্টি প্রদান করেন।

জীবননগর প্রতিনিধি:

জীবননগরে কোটি টাকা হাতিয়ে লাপাত্তা আদম ব্যাপারী মাসুদ

চুয়াডাঙ্গা জেলার জীবননগরে ভালো কাজের প্রলোভন দেখিয়ে ইরাক সহ বিভিন্ন দেশে পাঠানোর নাম করে ভুয়া ভিসা দিয়ে কোটি কোটি টাকা আত্মসাৎ করার অভিযোগ উঠেছে মাসুদ রানার বিরুদ্ধে। অভিযুক্ত মাসুদ রানা জীবননগর উপজেলার উথলী ইউনিয়নের সেনেরহুদা গ্রামের মমিন উদ্দিনের ছেলে।

ভুক্ত ভোগীদের পরিবার সুত্রে জানা গেছে, গত ১৮-১-১৯ইং তারিখে জীবননগর পৌর শহরের হাইস্কুল পাড়ার আজাদ হোসেনের ছেলে আকমল সাঈদকে ইরাকে ভালো কাজ দেওয়ার নাম করে তার নিকট থেকে ৪ লক্ষ টাকা হাতিয়ে নেওয় হয়। পরবর্তীতে তাকে ইরাকে পাঠানো হলেও ইমিগ্রেশন সংক্রান্ত্রে কাগজপত্রে ত্রুটি থাকায় তাকে দুই মাস

কোন কাজ কর্ম না দিয়ে একটি ঘরের মধ্যে আটকে রাখা হয়।

গত ১৮ ই আগস্ট ভুয়া কাগজপত্রে অবৈধ ভাবে ইরাকে প্রবেশ করায় ইরাকের পুলিশ তাকে আটক করে । সেই থেকে এ পর্যন্ত আটক আছে ওই যুবক।
এ দিকে আকমল সাঈদের বাবা আজাদ হোসেন বাদি হয়ে মাসুদ রানার বিরুদ্ধে গত ৫ সেপ্টম্বর জীবননগর থানায় একটি মামলা দায়ের করে, যার মামলা নং-৪। এ দিকে একই অভিযোগ করেন উপজেলার ডুমুরিয়া গ্রামের বকুলের ছেলে সোহেল ও আরিফ।

তথ্যনুসন্ধানে জানা গেছে, মাসুদ রানা ও তার বাবা মমিন উদ্দিন এবং স্থানীয় এক ভূয়া সাংবাদিক ক্রাইম রিপোর্টার পরিচয় দানকারীর মাধ্যমে এলাকার বেশ কিছু বেকার যুবকদের বিদেশে ভালো কাজের প্রলোভন দেখিয়ে কোটি কোটি টাকা হাতিয়ে নিয়ে নিজে আলীসান বাড়ি আর আলীসান জীবন-যাপন করলেও,মানবতা ও হতাশার মধ্যে জীবন-যাপন করছেন বেকার যুবকরা।

এমন কি নিশ্ব¦ হয়ে পড়েছেন ভুক্তভোগী অসহায় পরিবারের সদস্যরা। এ বিষয়ে মাসুদ রানা বলেন, আমি বিদেশে পাঠানোর নাম করে যে টাকা নিয়েছি তা ঠিক, তাদের তো ইরাকে পাঠিয়েছি তবে সাময়িক সমস্যা হয়েছে তা সমাধান করেছি। উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম বলেন, মাসুদ রানার বিরুদ্ধে বিদেশে নিয়ে যাওয়ার নাম করে টাকা আত্মসাৎ এর একাধিক অভিযোগ রয়েছে।

কিন্তু বিচারের দিন এলেই সে এলাকা থেকে পালিয়ে যায়। জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ গনি মিয়া বলেন মাসুদ রানার বিরুদ্ধে বিদেশে নিয়ে যাওয়ার নামে টাকা নেওয়ার একটা মামলা হয়েছে। তবে বিষয়টি তদন্ত করা হচ্ছে তদন্ত পূর্বক ব্যবস্থা নেওয়া হবে।

জীবননগর প্রতিনিধি:

পুলিশ সুপার জাহিদুল ইসলামের আলমডাঙ্গার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার ও পুলিশ সুপার জাহিদুল ইসলাম আলমডাঙ্গার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করেছেন।
গতকাল ৫ অক্টোবর সন্ধ্যায় আলমডাঙ্গা পুরাতন বাজার শ্রী শ্রী দূর্গা মন্দির ও কালিদাসপুর দূর্গা মন্দির ও স্টেশনপাড়া দূর্গা মন্দির পরিদর্শন করেন।
পরিদর্শন কালে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার লিটন আলী, সহকারি কমিশনার (ভূমি) সীমা শারমিন, নির্বাহি ম্যাজিস্ট্রেট সিব্বির আহমেদ, খায়রুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (চুয়াডাঙ্গা সার্কেল) কলিম উল্লাহ, পুলিশ সুপার পত্নী, আলমডাঙ্গা পৌর মেয়র হাসান কাদির গনু, কাউন্সিলর জহুরুল ইসলাম স্বপন, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ মুন্সি আসাদুজ্জামান, বিদ্যুৎ কুমার সাহা, মদন কুমার সাহা, অপূর্ব কুমার সাহা, বিশ্বজিত কুমার সাধুখাঁ, সুশীল কুমার ভৌতিকা, অনীল কুমার অধিকারী, মণিন্দ্রনাথ দত্ত, পলাশ আচার্য্য, নয়ন সরকার প্রমুখ।
পূজা মন্ডপ পরিদর্শন কালে জেলাপ্রশাসনের শীর্ষ কর্মকর্তারা মন্ডপের সৌন্দর্য-সৌষ্ঠব, ধর্মীয় ভাবগম্ভীর ও সুষ্ঠু পরিবেশ এবং নিরাপত্তা মূলক প্রশাসনিক পদক্ষেপে সন্তুষ্টি প্রকাশ করেন।

গড়াই এ পানি কমছে, বাড়ছে সাপের উপদ্রব

কুষ্টিয়া জেলার পদ্মা ও গড়াইতে পানি কমতে শুরু করেছে। বৃহস্পতিবার স্থিতিশীল অবস্থায় থাকার পর শুক্রবার বিকেল থেকে পানি কমতে শুরু করে। শনিবার সকাল ৯টা পর্যন্ত পদ্মার হার্ডিঞ্জ ব্রিজ পয়েন্টে ৪ সেন্টিরমিটার পানি কমে। বর্তমানে পদ্মায় বিপদ

জীবননগরে আওয়ামীলীগ নেতা রবি ইন্তেকাল : বিভিন্ন মহলে শোক

জীবননগর প্রতিনিধি:
চুয়াডাঙ্গার জীবননগরে আওয়ামীলীগ নেতা রবিউল ইসলাম ইন্তকাল করেছে। গত বৃহস্পতিবার রাতে নিজ বাড়ি আন্দুলবাড়িয়া ইউনিয়নরে কুলতলা গ্রামে ইন্তেকাল করেন ।

গতকাল শুক্রবার বিকাল ৪টার সময় কুলতলা গ্রামের ঈদগা মাঠে নামাজের জানাযা শেষে তাকে দাফন করা হয়।

মরহুমের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন চুয়াডাঙ্গা-২ আসনের সংষদ সদস্য হাজী আলী আজগার টগর,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমনা,উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম,জীবননগর থানা আওয়ামীলীগের সভাপতি গোলাম মোর্তুজা,পৌর আওয়ামীলীগের সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল,বন্ধু রক্তদান কেন্দ্রের সাধারন সম্পাদক মিঠুন মাহমুদ প্রমুখ।

জীবননগরে ২৪০ বোতল ফেন্সিডিল সহ আটক-৪

চুয়াডাঙ্গার জীবননগর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ২৪০ বোতল ফেন্সিডিলসহ ৪ মাদক ব্যবসায়ী আটক হয়েছে।

গতকাল শুক্রবার সকাল সাড়ে ৭টার সময় জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ গনি মিয়ার র্নিদেশে জীবননগর থানার এস আই সিরাজুল আলম সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিক্তিত্বে জীবননগর হাইস্কুলের সামনে কে,জি,এন পরিবহনে তল্লাশী করে ২৪০ বোতল ফেন্সিডিলসহ ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার নেপারমোড় কুল্লপাড়া গ্রামের মফিজুল ইসলামের ছেলে ইমন(১৮) আঃ সামাদের ছেলে বকুল (২০)একই

উপজেলার মাইলবাড়িয়া মাঝের পাড়ার রেজাউল মন্ডলের ছেলে মন্টু মিয়া
(২৩) এবং নুর হোসেনের ছেলে আসমাউল হোসেনকে (১৮) আটক করে পুলিশ ।

এ ব্যাপারে জীবননগর থানায় একটি মাদক দ্রব্য আইনে মামলা হয়েছে।

জীবননগর প্রতিনিধি:

চুয়াডাঙ্গায় ট্রেনের ধাক্কায় বৃদ্ধ নিহত

চুয়াডাঙ্গা সদর উপজেলার গাইদঘাট রেলগেটের অদূরে ট্রেনের ধাক্কায় আলাউদ্দীন মন্ডল (৭০) নামে এক বৃদ্ধ নিহত হয়েছেন। শুক্রবার সকালে খুলনা থেকে গোয়ালন্দগামী নকশীকাঁথা আপ ট্রেনের ধাক্কায় মারা যান তিনি।

নিহত আলাউদ্দীন গাইদঘাট দক্ষিণপাড়ার মৃত মিনাজ উদ্দীন মন্ডলের ছেলে। চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশের উপ-পরিদর্শক জালাল উদ্দীন জানান, শুক্রবার সকালে চুয়াডাঙ্গা শহরে আসার উদ্দেশ্যে আলউদ্দীন বাড়ি থেকে বের হন।

পথে গাইদঘাট রেলগেটের অদূরে রেললাইন পার হওয়ার সময় নকশীকাঁথা ট্রেনের ধাক্কায় ছিটকে পড়েন তিনি। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

চুয়াডাঙ্গা প্রতিনিধি:

আলমডাঙ্গায় শিশু ও নারী উন্নয়ন

[redacted]

[redacted]

মেহেরপুর সড়ক দুর্ঘটনায় তিনজন আহত

মেহেরপুর সদরে পাটকেল পোতা নামক স্থানে সড়ক দুর্ঘটনায় তিনজন আহত হয়েছে। আহতরা হলেন মুজিবনগর থানার কোমরপুর গ্রামের ইয়াজ উদ্দিনের ছেলে শিমুল (২০) মেহেরপুর সদর ইসলামপুর গ্রামের হাসান ডিলারের ছেলে সাইফুল ইসলাম (২০) গাংনী থানা ধীন কসবা গ্রামের বদরউদ্দিনের ছেলে আব্বাস আলী (৫০) জানা যায় গতকাল বৃহস্পতিবার ভোর আনুমানিক সাড়ে পাঁচটার দিকে ঝিনাইদহ থেকে ছেড়ে আসা একটি ট্রাক ঢাকা মেট্রো -ড ১৪-৭১৭২ মেহেরপুর যাওয়ার পথে চুয়াডাঙ্গা থেকে ছেড়ে আসা একটি ইজিবাইক মেহেরপুর সদরের পাটকেল পোতা নামক স্থানে পৌঁছালে ট্রাকটি ইজিবাইকের পিছনে সজরে ধাক্কা দিলে ইজিবাইক টি দুমড়ে-মুচড়ে যায়। ইজিবাইকে থাকা যাত্রী শিমুল, সাইফুল ও আব্বাস গুরুতর আহত হলে স্থানীয়রা তাদের উদ্ধার করে ফায়ার সার্ভিসে খবর দেয় ফায়ার সার্ভিস কর্মীরা তাদেরকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি। করে খবর পেয়ে বারাদি পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই আব্বাস আলী সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনাস্থল থেকে ঘাতক ট্রাকটিকে আটক করে। দুর্ঘটনার পর গাড়ির চালক ও হেলপার পলাতক আছে।

বাংলাদেশের সাফল্যেই প্রধানমন্ত্রী একের পর এক স্বীকৃতি পাচ্ছেন: ছেলুন

চুয়াডাঙ্গা প্রতিনিধি:
বাংলাদেশের উন্নয়নের ব্যাপক সাফল্যেই প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ^ব্যাপি একের পর এক স্বীকৃতি পাচ্ছেন। দেশবাসীকে সাথে নিয়ে এ সাফল্য ধরে রাখতে হবে। চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন চুয়াডাঙ্গায় আওয়ামী লীগের জনসভায় এসব কথা